থানা বলাগড়ের সামিল কোণডাঙ্গা গ্রামে ২ বন্দে ৬/০ বিঘা খাজনা ১০/০ টাকা মূল্য ৪০৲ টাকা। উঃ হরিমোহন সোম।

২৯৫ নং রেণ্ট দাবী ৬৫।/১০ টাকা ডিঃ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।
দেঃ মহেন্দ্র রায়
সাং নূতনবগা পোঃ বলাগড়।
নূতনবগা গ্রামে ২ বন্দে ২৮০ বিঘা খাজনা ৫৲ টাকা মূল্য ৩০৲ টাকা। উঃ ঐ

৩০৬ নং রেণ্ট দাবী ৩৭৫৫০ টাকা ডিঃ প্রফুল্লনলিনী দেবী দিং সাং শিবপুর।
দেঃ সত্য মালিক
সাং নেজানপুর পোঃ সিনেট।
থানা পোলবার সামিল চকচন্দন গ্রামে ২৮১ বিঘা খাজনা ৩।৪/১২৬ টাকা মূল্য ১০ টাকা। উঃ হরিমোহন সোম।

৩০৭ নং রেণ্ট দাবী ৩৬॥৵০ টাকা ডিঃ শ্রীমতী প্রফুল্লনলিনী দেবী দিং।
দেঃ সত্য মালিক
সাং নেজানপুর পোঃ সিনেট।

নিলামী ইস্তাহার

চকচন্দন গ্রামে ২ বন্দে ৫।২॥০ বিঘা খাজনা ৭৲১৬ টাকা মূল্য ১৫৲ টাকা। উঃ ঐ

৩০৮ নং রেণ্ট দাবী ৫২৵৫ টাকা ডিঃ শ্রীমতী প্রফুল্লনলিনী দেবী দিং।
দেঃ প্রসন্ন মালিক
সাং নেজানপুর পোঃ সিনেট।
চকচন্দন গ্রামে ৫ বন্দে ১০৮২ বিঘা খাজনা ১৩৮/৫ টাকা মূল্য ২০৲ টাকা। উঃ ঐ

৩০৯ নং রেণ্ট দাবী ২৫৲১৫ টাকা ডিঃ শ্রীমতী প্রফুল্লনলিনী দেবী দিং।
দেঃ প্রসন্ন মালিক
সাং নেজানপুর পোঃ সিনেট।
নেজানপুর গ্রামে ১/১ বিঘা খাজনা ১॥/১৩৬ টাকা মূল্য ৫ টাকা। উঃ ঐ

৩১৯ নং রেণ্ট দাবী ৫৬।৵১৫ টাকা ডিঃ প্রবোধচন্দ্র পাল দিং সাং মেড়িয়া।
দেঃ পঞ্চু পাকড়ে
সাং মেড়িয়া পোঃ সুগন্ধা।
মেড়িয়া গ্রামে ২ বন্দে ২/ বিঘা শালি শুনা জমী খাজনা ৭৲ টাকা মূল্য ২০৲ টাকা। উঃ জিতেন্দ্রনাথ দে।

৩২০ নং রেণ্ট দাবী ৩৭৵০ টাকা ডিঃ প্রবোধচন্দ্র পাল দিং।
দেঃ সেখ আনোয়ার আলি দিং
সাং সাং রাজহাট পোঃ রাজহাট।
ভাটুয়া গ্রামে ৩ বন্দে ১।১ বিঘা পুষ্করিণী ও পতিত জমী খাজনা ৩॥৵০ টাকা মূল্য ১০৲ টাকা। উঃ ঐ

৩৩১ নং খাজনা দাবী ১২০৮৵১০ টাকা ডিঃ মহারাজ শ্রীশচন্দ্র নন্দী বাহাদুরের কাসিমবাজার রাজ ওয়ার্ড ষ্টেটের আসন্ন-বঙ্গ কোর্ট অফ ওয়ার্ডস ম্যানেজার।
দেঃ গোবর্দ্ধন ঘোষ দিং
সাং বাদীনান পোঃ সিনেট।
বাদীনান গ্রামে ৬ বন্দে শালি জমী ২৮৪।১০ বিঘা খাজনা ৩৪৮৩ টাকা মূল্য ৫০৲ টাকা। উঃ সুধীরচন্দ্র রায়।

৩৩২ নং খাজনা দাবী ৭১/৫ টাকা ডিঃ মহারাজ শ্রীশচন্দ্র নন্দী বাহাদুর।
দেঃ গিরিধর মণ্ডল
সাং গোপালনগর পোঃ সিঙ্গুর।
বাদীনান গ্রামে শালি জমী ৩।০ বিঘা খাজনা ৯৮৵ টাকা মূল্য ২০৲ টাকা। উঃ ঐ

৩৪৮ নং রেণ্ট দাবী ... টাকা ডিঃ তারকনাথ মুখোপাধ্যায় সাং উত্তরপাড়া।
দেঃ আবাস হোসেন সেখ দিং
সাং বালিকুকারি পোঃ সিনেট।
থানা পোলবার সামিল বালিকুকারি গ্রামে ৪১ বন্দে শালি শুনা জমী ১২/০ বিঘা খাজনা ৫৬৮৵২॥ মূল্য ২০০৲ টাকা। নরেন্দ্রগোপাল চট্টোপাধ্যায়।

৩৪৯ নং রেণ্ট দাবী ১৫৫।/১৫ টাকা ডিঃ তারকনাথ মুখোপাধ্যায়।
দেঃ সেখ ফজলে রহমান
সাং মুলগ্রাম পোঃ সিনেট।
মূলগ্রাম গ্রামে ৬ বন্দে বাস্তু শালি জমী খাজনা ২৪॥০ টাকা মূল্য ১৫০৲ টাকা। উঃ ঐ

৩৫১ নং খাজনা দাবী ৬৪৩॥/১০ টাকা ডিঃ মহারাজ শ্রীশচন্দ্র নন্দী।
দেঃ ভোলানাথ মল্লিক
সাং বাদীনান পোঃ সিনেট।
বাদীনান গ্রামে ২০ বন্দে শালি জমী ৩৪/৬॥/০ বিঘা খাজনা ১১২৲ টাকা মূল্য ১০০৲ উঃ সুধীরচন্দ্র রায়।

৩৫৩ নং রেণ্ট দাবী ২২।০ টাকা ডিঃ সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।
দেঃ পূর্ণচন্দ্র ধাড়া দিং
সাং ওঁচাই পোঃ পোলবা।
ওঁচাই গ্রামে বাস্তু জমী ।০৮৵ কাঠা খাজনা ২॥৵ টাকা মূল্য ৫৲ টাকা। উঃ তুলসীদাস রায়।

৩৫৪ নং রেণ্ট দাবী ৪৫৮/১০ টাকা ডিঃ সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।
দেঃ বসন্তকুমার ধাড়া দিং
সাং ওঁচাই পোঃ পোলবা।
ওঁচাই গ্রামে ২ বন্দে ১॥১।০ বিঘা বাস্তু দিং জমী খাজনা ৮।০ মূল্য ২০ টাকা। উঃ ঐ।

৩৫৫ নং রেণ্ট দাবী ২৬৵০ টাকা ডিঃ প্রবলচন্দ্র মুখোপাধ্যায় সাং উত্তরপাড়া।
দেঃ হারাণচন্দ্র সাঁতরা
সাং জগন্নাথবাটী পোঃ রাজহাট।
মহেশপুর গ্রামে বাগাৎ জমী ॥১।৵০ কাঠা খাজনা ৩৲ মূল্য ২০ টাকা। উঃ চন্দ্রনাথ মুখোপাধ্যায়।

৩৫৬ নং রেণ্ট দাবী ৬০।/০ টাকা ডিঃ প্রবলচন্দ্র মুখোপাধ্যায়।

নিলামী ইস্তাহার

দেঃ অক্ষয়কুমার পাল
সাং বৌকুপপুর পোঃ ভদ্রেশ্বর।
গ্রাম পৌনবার সামিল ভূষণাড়া গ্রামে ।।০ বিঘা শুনা জমী খাজনা ৫।।০ মূল্য ৩৫ টাকা। উঃ ঐ।

৩৭৭ নং রেণ্ট দাবী ।১০ টাকা ডিঃ প্রসন্নচন্দ্র মুখোপাধ্যায়।
দেঃ হারাণচন্দ্র সাঁতরা
সাং জগন্নাথবাটী পোঃ রাজহাট।
মহেশপুর গ্রামে শালি জমী ২।৩।/০ বিঘা খাজনা ৫।০ মূল্য ৩০ টাকা। উঃ ঐ।

৩৭৮ নং রেণ্ট দাবী ৪৮।/৫ টাকা ডিঃ প্রসন্নচন্দ্র মুখোপাধ্যায়।
দেঃ নটবচরণ ভাণ্ডারী
সাং ভোতো পোঃ রাজহাট।
মহেশপুর গ্রামে ২ বন্দে ২৬৩।০ বিঘা শুনা ও ২৫২ ২৫৩ খাজনা ৭৲ মূল্য ৪৫ টাকা। উঃ ঐ।

৩৭৯ নং রেণ্ট দাবী ৯৯৶০ টাকা ডিঃ প্রসন্নচন্দ্র মুখোপাধ্যায়।
দেঃ হারাণচন্দ্র সাঁতরা
সাং জগন্নাথবাটী পোঃ রাজহাট।
মহেশপুর গ্রামে ২ বন্দে ৬৩।/০ বিঘা বাগান জমী খাজনা ১৫৲ মূল্য ৭৫ টাকা। উঃ ঐ।

৩৮০ নং রেণ্ট দাবী ১৭৮/১৫ টাকা ডিঃ তিনকড়ি পাঠক সাং তালচিনান।
দেঃ সতীশচন্দ্র মাজি
সাং বহুয়া পোঃ বহুয়া।
মূল গ্রামে ।।২ কাঠা শালি জমী খাজনা ।১৶১০ মূল্য ৫ টাকা। উঃ হরিমোহন সোম।

৩৭৭ নং রেণ্ট দাবী ২১০৶০ টাকা ডিঃ ভগবতীচরণ গঙ্গোপাধ্যায় দিং সাং ধোপাপাড়া।
দেঃ ভুবনচন্দ্র দাস দিং
সাং ধোপাপাড়া পোঃ পিণ্ডিরা।
থানা বলাগড়ের সামিল ধোপাপাড়া গ্রামে ৩৭ বন্দে শুনা শালি দিং জমী ২৯।১।।০ বিঘা খাজনা ৫৪।৶৮।।০ মূল্য ১০০ টাকা। উঃ পরিতোষ ভট্টাচার্য্য।

৩৭৮ নং রেণ্ট দাবী ২২৮।৶১০ টাকা ডিঃ তারকনাথ মুখোপাধ্যায়।
দেঃ সেখ আবদুল মোর সও
সাং দীঘা পোঃ পাণ্ডুয়া।
দীঘা গ্রামে ২৩ বন্দে শালি দিং জমী ১১।২৶০ বিঘা খাজনা ৩৯।৶০ মূল্য ২২০ টাকা। উঃ

৩৭৯ নং রেণ্ট দাবী ৩৬৶৫ টাকা ডিঃ গোষ্ঠবিহারী সিংহরায় দিং সাং গুড়ে চকদীঘি।
দেঃ শ্রীমতী উমাশশী দেবী
সাং ষণ্ডেশ্বরতলা পোঃ চুঁচুড়া।
... গ্রামে ২ বন্দে ৪/০ বিঘা শালি জমী খাজনা ৩/১০ মূল্য ৩০ টাকা। উঃ পরিতোষ ভট্টাচার্য্য।

৩৮০নং রেণ্ট দাবী ৯৯।।/১০ টাকা ডিঃ গোষ্ঠবিহারী সিংহরায় দিং।
দেঃ সেখ বোরহান
সাং নহিপালপুর পোঃ তারাগণি।
নহিপালপুর গ্রামে ৬ বন্দে ৬।।০ বিঘা শালি জমী খাজনা ৭।১৫ মূল্য ২৫৲ টাকা। উঃ ঐ।

৩৮১নং রেণ্ট দাবী ৩৩/৫ টাকা ডিঃ গোষ্ঠ বিহারী সিংহ রায় দিং।
দেঃ হরনারায়ন গঙ্গোপাধ্যায়
সাং ইলছোবা পোঃ মোগরাই।
রামনাথপুর গ্রামে শালি জমী ৩৮০ বিঘা খাং ৬।০ মূল্য ২৫৲ টাকা। উঃ ঐ।

৩৮২নং রেণ্ট দাবী ৮০,১৫ টাকা ডিঃ সতীশচন্দ্র দত্ত সাং আকনা।
দেঃ ভুবনচন্দ্র ধাড়া
সাং বাড়োগঞ্জ পোঃ পোলবা।
... গ্রামে ৩ বন্দে ২৬/২ বিঘা বাগান দিং জমী খাজনা ১২৫৲ মূল্য ৩০৲ টাকা। উঃ ... ঘোষ।

৩৮৭নং রেণ্ট দাবী ৭৩।৶১০ টাকা ডিঃ রায় বিজয়নারায়ণ কুণ্ডু বাহাদুর।
দেঃ সেখ আমিন
সাং পাটনা পোঃ সুলতানগাছা।
পাটনা গ্রামে ৪ বন্দে ৬/২ বিঘা শালি জমী খাজনা ১১/২ মূল্য ২৫৲ টাকা। নোঃ অক্ষয়কুমার চট্টোপাধ্যায়।

৩৮৮নং রেণ্ট দাবী ১৫০৶০ টাকা ডিঃ রায় বিজয়নারায়ণ কুণ্ডু বাহাদুর।
দেঃ পশুপতি বন্দোপাধ্যায়
সাং ভূপালি পোঃ রামনাথপুর।
তরা গ্রামে ৯ বন্দে ১০/২ বিঘা শালি জমী খাজনা ২৫।/১৭।।০ মূল্য ৫০৲ টাকা। নোঃ ঐ।

৩৮৯ নং রেণ্ট দাবী ৫৬৶০ টাকা ডিঃ রায় বিজয়নারায়ণ কুণ্ডু বাহাদুর।
দেঃ শ্রীমতী রুক্মিনী দাসী
সাং কাঞ্চাড়া পোঃ সুগন্ধ্যা।

নিলামী ইস্তাহার

খাঞ্চাড়া গ্রামে ৩ বন্দে ২।।০ বিঘা বাস্ত ও শালি জমীর খাজনা ৮।/৫ মূল্য ১৫ টাকা। নোঃ ঐ।

৩৯০ নং রেণ্ট দাবী ২২৮/০ টাকা ডিঃ রায় বিজয়নারায়ণ কুণ্ডু বাহাদুর।
দেঃ আশুতোষ গোস্বামী
সাং গোস্বামী-মালিপাড়া পোঃ সিনেট।
গোস্বামী-মালিপাড়া গ্রামে ১।।০ বিঘা পুষ্করিণী খাজনা ২।৶৮ মূল্য ১০ টাকা। নোঃ ঐ।

৪০২ নং রেণ্ট দাবী ৪৬৫৮৶১০ টাকা ডিঃ সত্যেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় সাং তেলিনীপাড়া।
দেঃ বঙ্কিমচন্দ্র মল্লিক
সাং হুগলী জজ কোর্ট পোঃ চুঁচুড়া।
থানা পাণ্ডুয়ার সামিল ৪৬১৫ নং লাট গঙ্গাধরপুরের সামিল মৌজে জঙ্গলপুর রকম ।।০ বিবাদী দখলীকারের ইজারদার সত্ব খাজনা ৬২১৶৫ মূল্য ২০০ টাকা। উঃ চন্দ্রনাথ মুখোপাধ্যায়।

৪০৬ নং রেণ্ট দাবী ২৪।৶৫ টাকা ডিঃ সনৎকুমার মুখোপাধ্যায় সাং উত্তরপাড়া।
দেঃ গোপাল বাগদী
সাং ও পোঃ বৈঁচি।
রাখালগাছা গ্রামে ৩ বন্দে শালি জমী ১/৪ বিঘা খাজনা ৩৲ মূল্য ১২ টাকা। উঃ গোপীমোহন চট্টোপাধ্যায়।

৪১২ নং রেণ্ট দাবী ৩৬৶১০ টাকা ডিঃ রাখালদাস নন্দী দিং।
দেঃ আবদুল আহদ কারিকর
সাং নওয়াপাড়া পোঃ পাণ্ডুয়া।
নওয়াপাড়া গ্রামে ২ বন্দে ১/২ বিঘা বাস্ত ও বাগান জমী খাজনা ৫৮১৬৮০ মূল্য ১৫ টাকা। উঃ বিভূতিভূষণ দত্ত।

৪১৭ নং রেণ্ট দাবী ১৮৮৶৫ টাকা ডিঃ রাখালদাস নন্দী দিং।
দেঃ হরিপদ গঙ্গোপাধ্যায়
সাং চাম্পা গ্রামে ১৮০ বিঘা শালি জমী খাজনা ১।।০ মূল্য ১০ টাকা। উঃ ঐ।

৪১৮ নং রেণ্ট দাবী ৮০।৶১০ টাকা ডিঃ রাখালদাস নন্দী দিং।
দেঃ সেখ আবদুল জব্বার দিং
সাং শ্রীপালা পোঃ পাণ্ডুয়া।
শ্রীপালা গ্রামে ৫ বন্দে ৪/২ বিঘা শালি দিং জমী খাজনা ১১।।৶৫ মূল্য ১৬ টাকা। উঃ ঐ।

৪৩১ নং রেণ্ট দাবী ৫৬/১০ টাকা ডিঃ রাখালদাস নন্দী দিং।
দেঃ শ্রীমতী পাঁচি বিবি দিং
সাং নাগুয়া পোঃ পাণ্ডুয়া।
পানপা গ্রামে ৯ বন্দে ৫।২ বিঘা শালি দিং জমী খাজনা ১২।।৶০ মূল্য ২৫ টাকা। উঃ ঐ।

৪৫২ নং রেণ্ট দাবী ৪৬।৶১০ টাকা ডিঃ মনোমোহন সিংহরায় দিং সাং মাকালপুর।
দেঃ গদাধর সিংহরায়
সাং ও পোঃ মাকালপুর।
ধেনুয়া গ্রামে ৩ বন্দে ২৮০।০ বিঘা শালি জমী খাজনা ৩।।/১০ মূল্য ১৫ টাকা। উঃ সন্তোষচন্দ্র ভট্টাচার্য্য।

৪৬৫ নং রেণ্ট দাবী ২৫৮/০ টাকা ডিঃ রায় বিজয়নারায়ণ কুণ্ডু বাহাদুর।
দেঃ সেখ আমীল
সাং পাটনা পোঃ সুলতানগাছা।
পাটনা গ্রামে ১।।০ বিঘা শালি জমী খাজনা ৩৲ মূল্য ৫ টাকা। নোঃ অক্ষয়কুমার চট্টোপাধ্যায়।

৪৬৬ নং রেণ্ট দাবী ৩৩।৶০ টাকা ডিঃ রায় বিজয়নারায়ণ কুণ্ডু বাহাদুর।
দেঃ সেখ আমীল
সাং পাটনা পোঃ সুলতানগাছা।
কোটালপুর গ্রামে ৬/০ বিঘা শুনা শালি জমী খাজনা ৭৲ মূল্য ১৫ টাকা। নোঃ ঐ।

৪৬৭ নং রেণ্ট দাবী ২১৮৶১০ টাকা ডিঃ রায় বিজয়নারায়ণ কুণ্ডু বাহাদুর।
দেঃ নাঃ সেখ মহম্মদ আলি
সাং পাটনা পোঃ সুলতানগাছা।
পাটনা গ্রামে ১।০ বিঘা শালি জমী খাজনা ২৲ মূল্য ১০ টাকা। নোঃ ঐ।

৪৬৮ নং রেণ্ট দাবী ৮৪৮৶০ টাকা ডিঃ রায় বিজয়নারায়ণ কুণ্ডু বাহাদুর।
দেঃ সেখ আবদুল ছাত্তার দিং
সাং শ্রীপালা পোঃ পাণ্ডুয়া।
শ্রীপালা গ্রামে ৮ বন্দে ৫।০ বিঘা শালি শুনা জমী খাজনা ৪।/১০ মূল্য ২৫ টাকা। নোঃ ঐ।

৪৬৯ নং রেণ্ট দাবী ৭৬৶১০ টাকা ডিঃ রায় বিজয়নারায়ণ কুণ্ডু বাহাদুর।
দেঃ নাঃ আবদুল মান্নান
সাং কাজি মহল্লা পোঃ পাণ্ডুয়া।
পাণ্ডুয়া গ্রামে ৩ বন্দে ৩৮০ বিঘা শালি শুনী খাজনা ১০।।০ মূল্য ২৫ টাকা। নোঃ ঐ।

৪৭৩ নং রেণ্ট দাবী ৫৬৶১০ টাকা ডিঃ তারকনাথ মুখোপাধ্যায়।
দেঃ সেখ আলি রহমান
সাং বক্কেশ্বর পোঃ দ্বারবাসিনী।

নিলামী ইস্তাহার

দীঘা গ্রামে ৩ বন্দে ৬৫।।৶৫ বিঘা শালি জমী খাজনা ৮/০ মূল্য ৫০ টাকা। উঃ নরেন্দ্রগোপাল চট্টোপাধ্যায়।

৪৭৪ নং রেণ্ট দাবী ৩৯।৶০ টাকা ডিঃ তারকনাথ মুখোপাধ্যায়।
দেঃ পাগল গেনী মিস্ত্রীর পক্ষে
গার্জ্জেন স্ত্রী আমেনা বিবি
সাং দীঘা পোঃ দ্বারবাসিনী।
দীঘা গ্রামে ৩ বন্দে ১।।৫৮০ বিঘা শালি জমী খাজনা ৪৮৶০ মূল্য ৩০ টাকা। উঃ ঐ।

৪৭৫ নং রেণ্ট দাবী ২৩।/১০ টাকা ডিঃ তারকনাথ মুখোপাধ্যায়।
দেঃ সেখ আবদুল রব মণ্ডল
সাং দীঘা পোঃ দ্বারবাসিনী।
দীঘা গ্রামে ১/১।।০ বিঘা শালি জমী খাজনা ২।।০ মূল্য ২০ টাকা। উঃ ঐ।

৪৭৬নং রেণ্ট দাবী ৫৫।।৫ টাকা ডিঃ তারকনাথ মুখোপাধ্যায়।
দেঃ পাগল গেনী মিস্ত্রীর
গার্জ্জেন স্ত্রী আমিনা বিবি
সাং দীঘা পোঃ দ্বারবাসিনী।
দীঘা গ্রামে ৮ বন্দে শালি জমী ১৮০।০ বিঘা খাজনা ৭৮/০ মূল্য ৫০৲ টাকা। উঃ ঐ।

৪৭৭নং রেণ্ট দাবী ১৭।।০ টাকা ডিঃ তারকনাথ মুখোপাধ্যায়।
দেঃ তারকদাস গঙ্গোপাধ্যায়
সাং ও পোঃ দ্বারবাসিনী।
দ্বারবাসিনী গ্রামে বাস্ত জমী /১৶৩ কাঠা খাজনা ১/১ মূল্য ১০৲ টাকা। উঃ ঐ।

৪৭৮নং রেণ্ট দাবী ২১৮৶৫ টাকা ডিঃ তারকনাথ মুখোপাধ্যায়।
দেঃ ভোলানাথ মিত্র দিং
সাং সাটাথান পোঃ দ্বারবাসিনী।
দ্বারবাসিনী গ্রামে শালি জমী ।।৪।।৶০ কাঠা খাজনা ১৮৶১০ মূল্য ১৫৲ টাকা। উঃ ঐ।

৪৭৯নং রেণ্ট দাবী ১৮৬,১৫ টাকা ডিঃ তারকনাথ মুখোপাধ্যায়।
দেঃ আবু সেখ দিং
সাং চহকা পোঃ দ্বারবাসিনী।
দ্বারবাসিনী গ্রামে ৮ বন্দে ১০৮১।৶০ বিঘা শালি বাস্ত দিং জমী খাজনা ২৮।৶০ মূল্য ১৫০৲ টাকা। উঃ ঐ।

৪৮০নং রেণ্ট দাবী ৮৪।।১০ টাকা ডিঃ ...
দেঃ সেখ আবদুল রব মণ্ডল
সাং দীঘা পোঃ দ্বারবাসিনী।
দীঘা গ্রামে শালি বাস্ত দিং জমী ৩।।১৶০ বিঘা খাজনা ১১৮৶৮ মূল্য ৭৫৲ টাকা। উঃ ঐ।

৪৮১নং রেণ্ট দাবী ২৬২।।/১০ টাকা ডিঃ তারকনাথ মুখোপাধ্যায়।
দেঃ সেখ আবদুল রব মণ্ডল
সাং দীঘা পোঃ দ্বারবাসিনী।
দীঘা গ্রামে ২২ বন্দে শালি শুনা দিং জমী ১৩।৪৶০ বিঘা খাজনা ৪১৮/০ মূল্য ২৫০৲ টাকা। উঃ ঐ।

৪৮২নং রেণ্ট দাবী ৫৭।১০ টাকা ডিঃ তারকনাথ মুখোপাধ্যায়।
দেঃ সেখ আবদুল রব মণ্ডল
সাং দীঘা পোঃ দ্বারবাসিনী।
দীঘা গ্রামে ৭ বন্দে শালি জমী ৩/।৶০ বিঘা খাজনা ৮।৶০ মূল্য ৫০৲ টাকা। উঃ ঐ।

২০০নং রেণ্ট দাবী ১৬৭।।/১৫ টাকা ডিঃ অবনীনাথ নন্দী সাং সাহাগঞ্জ।
দেঃ সেখ নূর হক দিং
সাং নাতব্বরপুর পোঃ পাণ্ডুয়া।
নাতব্বরপুর গ্রামে ২৬ বন্দে ১৬৮৪।।০ বিঘা জমী জমী খাজনা ৪৮৫৮ মূল্য ১০০৲ টাকা। উঃ রজনীকান্ত সেনগুপ্ত।

দাঁত ও চশমা



দি নিউ মেডিক্যাল হল
নামক ডাক্তারখানায়
ডাক্তার—শ্রীরঘুনাথ মল্লিক এম, বি (হোমিও) দাঁতের চিকিৎসা ও দাঁত বাঁধাই চক্ষু পরীক্ষান্তে চশমা ও শিক বেদনা বাত ও পক্ষাঘাত রোগে ইলেকট্রিক চিকিৎসার বন্দোবস্ত করিয়াছেন।

দত্তাত্রেয় অবধৌতিক ঔষধালয়।

সুপ্রসিদ্ধ অবধৌতিক চিকিৎসক মতিলাল চট্টোপাধ্যায়ের ছাত্র
শ্রীঅতুলচন্দ্র গুপ্ত
১০৩ আমহার্ষ্ট ষ্ট্রীট কলিকাতা।

স্বাস্থ্য লাভের ৩টি। স্বাস্থ্য লাভের ৩টি।

১টি—**মদনমঞ্জরী বটিকা।** শারীরিক দুর্ব্বলতা, ইন্দ্রিয় শিথিলতা, পুরুষত্বহানি ও স্নায়বিক দুর্ব্বলতায় আশু ফলপ্রদ আদর্শ মহৌষধি। ইহা সেবনে জড়তা, অবসাদভাব, বুক কাঁপা জীবনে হতাশ ভাব, অগ্নিমান্দ্য, বাতরক্ত, শুক্রতারল্য প্রভৃতি যাবতীয় উপসর্গ সমূলে বিনষ্ট হয়। দেহে নব বল তেজ বীর্য্য ও আনন্দ সঞ্চার হয়। মূল্য ৪০ বটিকা পূর্ণ কৌটা ১৲ টাকা।

২টি—**নপুংসকত্বারী ঘৃত।** যৌবনসুখ দেহে নানা অত্যাচারে ইন্দ্রিয় দুর্ব্বল নিস্তেজ ও ক্ষীণ হইয়া পড়ে। এই নিস্তেজ ইন্দ্রিয় সুস্থ, সবল প্রবৃদ্ধ ও কার্য্যক্ষম করিতে নপুংসকত্বারি ঘৃত উৎকৃষ্ট বাহ্যপ্রয়োগ, ইহা ব্যবহারে নষ্ট স্বাস্থ্য পুনঃ ফিরিয়া আইসে। মূল্য ২ তোলা ১৲ টাকা।

৩টি—**রমণ বিলাসিনী বটিকা।** তরল শুক্র বিশুদ্ধ ও ঘনীভূত করিয়া ধারণাশক্তি বৃদ্ধি করতঃ সম্ভোগ কাল দীর্ঘ করিতে এই বটিকার অমোঘ ক্ষমতা। ইহাতে তেজ হ্রাস, বলোক্ষয় বা কোন প্রকার অবসাদ আসে না। মূল্য ১৬ বটিকা ১৲ টাকা। যেমন অশক্ত পুরুষই হউক না কেন এই ৩টী ঔষধ একযোগে ব্যবহারে সুস্থ, সবল ও সম্পূর্ণ কার্য্যক্ষম হইবেন সন্দেহ নাই।

মহাজ্বরাঙ্কুশ বটিকা।

সর্দ্দী আসিতেছে—আগ হইতেই সাবধান হউন। যে কোন প্রকার জ্বর হউক না কেন মহাজ্বরাঙ্কুশ ব্যবহারে নিশ্চয় আরাম হইবেন। ম্যালেরিয়া প্রধান স্থানে ইহা নিত্য সহচর মূল্য ২৪ বটি পূর্ণ কৌটা ১৲ টাকা।

ক্রিমি বিনাশিনী।

সর্ব্বপ্রকার ক্রিমি রোগে অব্যর্থ ফলপ্রদ। ইহাতে ক্রিমির বড় নষ্ট করিয়া আর ক্রিমি হইতে দেয় না। পেট কামড়ানি, মুখে জল উঠা গা বমি প্রভৃতি সত্বর দূর হয়। মূল্য প্রতি প্যাকেট ।৶০ আনা।

রাজ বৈদ্য নারায়ণজী কেশবজী
১৭৭, হ্যারিসন রোড কলিকাতা।

কারখানা মেডিক্যালকলেজের নিকট ১৯।এ শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা।
গভর্ণমেণ্ট হইতে রেজেষ্টারী করা—
সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া ধ্বংসকারী—
—জ্বরের সাক্ষাৎ যম—

সারফলীন

বড় বড় বিজ্ঞ ডাক্তারগণের যুক্তিমতে প্রস্তুত
এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না
এক শিশি সারফলীন একটী হতাশ রুগীর লক্ষ টাকার জীবন

এক দাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ২।৪ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকৃত ঔষধ পাওয়া উচিত নয় কি? এক্ষণে সাবধান হউন এবং জানিয়া রাখুন, আর মিছামিছি বাজে বাজে ২ বিষের জল খেয়ে শয্যাগত হইয়া পড়ে পড়ে ধনে প্রাণে মরেন কেন? সুতরাং ।৶০ আনার ১টা সারফলীনই একটা জ্বর রোগীর পক্ষে যথেষ্ট; এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকিতে হয় না। ইহা নূতন পুরাতন প্লীহা লিভার সংযুক্ত শোথ জ্বর আসামের জ্বর আসাম ও সুন্দরবনের কালা জ্বর বা লোনা জ্বর ধাতুস্থ গর্ভজাত জ্বর পালা জ্বর কম্প জ্বর দৌকালীন মাথাধরা ঘুষঘুষে জ্বর বাত পিত্তের জ্বর—কোটাল বা অমাবস্যা পূর্ণিমায় জ্বর কুইনাইনের আটকান জ্বর বা সর্ব্বপ্রকার ম্যালেরিয়া সংযুক্ত জ্বরের একমাত্র অব্যর্থ ব্রহ্মঅস্ত্র। প্রতিশিশি ।।৶০ ডজন ৪।০ মেসের মাশুল বা প্যাকিং ফ্রি।

এ—মেসার্স্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং ১০ নং বনফিল্ড লেন, কলিকাতা।

শতাধিক বৎসরের পরিক্ষিত—সর্ব্ব প্রশংসিত—
আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

ত্রিগুণ তৈল

যুগল-মূর্ত্তি মার্কা এবং বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।
এমন মহোপকারী তৈল আর নাই
লক্ষ লক্ষ শিরোরোগীর নিত্য প্রয়োজনীয় মহৌষধী তৈল
গভর্ণমেণ্ট হইতে রেজেষ্টারী করা—

ইহা এক শাস্ত্রোক্ত ভৈষজ্য উপাদানে খাঁটি কাঁচা কৃষ্ণতিল তৈলে মৃগনাভি, কস্তুরী, গোলাপ, চামেলী, বেলা, চন্দন, নাগকেশর, বেলা, প্রভৃতি মহাসুগন্ধি দ্রব্য সংমিশ্রণে প্রস্তুত বিধায় ছয় ঋতুতেই সমভাবে ইহার অত্যুত্তম গুণ ও গন্ধ উপলব্ধি হইয়া থাকে। ফলতঃ এই গুণসম্পন্ন পরম পবিত্র ত্রিগুণ তৈল নিত্য ব্যবহারে সাধারণতঃ দৈহিক ও মানসিক অবসাদ নিশ্চয় দূর হইয়া থাকে।
সর্ব্বপ্রকার স্ত্রী বা পুরুষের অনৈচ্ছিক ধাতুস্থ দূষিত শুক্র, জটিল ব্যাধি মেহ, প্রমেহ, প্রদর, কষ্টরজঃ, বাধক, স্বপ্নবিকার, মূর্চ্ছা মাথাধরা মাথাঘোরা, আধকপালী, নিদ্রাহীনতা এবং সর্ব্বপ্রকার বাতরোগ ধনস্তরী এবং সর্ব্বপ্রকার চর্ম্মরোগ খোস পেচড়া চুলকানি দাদ প্রভৃতি ব্যাধির কাটাণু ধ্বংসকারী অব্যর্থ মহৌষধ।
বলা বাহুল্য, ইহা একমাত্র মস্তিষ্ক স্নিগ্ধকারী ঠাণ্ডা তৈল যে, পাগল ভাল হয়। যে কোন স্থানে তৈল ক্রয়কালীন শিশির গায়ের লেবেলের উপর বড় বড় অক্ষরে শালকালীতে আসল যুগল মূর্ত্তি মার্কা এজেণ্ট বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন, অন্যথায় শঠকারী দোকানদার জাল বা নকল তৈল বিক্রয় করিয়া আপনাকে ধনেপ্রাণে ঠকাইবে। স্মরণ রাখিবেন—বাজে জিনিষ বিক্রয় করিয়া ঠকাইতে পারিলেই খুব বেশী লাভ হয়।

এজেণ্ট—বটকৃষ্ণ পাল এণ্ড কোং, ২৩ নং বনফিলড লেন, কলিকাতা

WANTED
Candidates desiring to serve in Government Railway and Canal Departments. Full particulars and Railway Certificate on two annas stamps. Apply to—
IMPERIAL TELEGRAPH COLLEGE
N. Sarak, DELHI.

ধবল বা শ্বেতকুষ্ঠ (শ্বেঃ তঃ)

রোগের সার্ব্বভৌম ১৮৮৭ সালে আবিষ্কৃত হইয়া অসংখ্য রোগী আরোগ্য হইয়াছে এ পর্য্যন্ত কেহই নিষ্ফল হয় নাই, যাহার যতদিনের রোগ হউক না কেন ১সপ্তাহেই দাগের রং বদলিয়া শরীরের স্বাভাবিক রং হইতে থাকে ও অল্পেই শীঘ্র নির্দ্দোষ স্থায়ী আরোগ্য হয়। পুনরাক্রমণের কোন আশঙ্কা থাকে না। ঔষধে কোন দুর্গন্ধ বা নিষ্ফল হইলে মূল্য ফেরৎ। মূল্য, তৈল ও চূর্ণ ২৲।
বসু গুপ্ত সন্স্
১০।১এ রহুনাথ, ১ম লেন, ভবানীপুর, কলিকাতা।

অতি আশ্চর্য্য

স্বপ্নদোষ, ধাতুদৌর্ব্বল্য, প্রমেহ, (দূষিত শুক্রমেহ) পুরুষত্বহানি, স্নায়বিক, সিফিলিস, (গর্ম্মি), পারদবিকৃতি, অর্শ প্রভৃতি যাবতীয় শুক্রবিকৃতিজনিত পুরুষের রোগ এবং স্ত্রীলোকের শ্বেত ও রক্তপ্রদর, বাধক, রজঃকৃচ্ছ, সুতিকা জনিত জ্বর ও জীর্ণ দোষ, জরায়ু ঝুলিয়া পড়া ইত্যাদি সর্ব্বপ্রকার স্ত্রীরোগ চিরদিনের জন্য guarantee পত্র (গ্যারাণ্টি পত্র) দিয়া সারিয়া দিতেছি। কোমরে ধারণের কবচ ও প্রতি সপ্তাহ তিন প্রকার সেবনের ঔষধের মূল্য ৩৸০ মাত্র, ডিঃ পিঃতে ৩।৶০ আনা মাত্র ঔষধগুলি অনেক হিমালয় প্রদেশবাসী সিদ্ধ মহাপুরুষ প্রদত্ত সম্পূর্ণ দেশীয় গাছ-গাছড়াজাত, অতি পবিত্র অতীব আশ্চর্য্য ও অব্যর্থ ফল প্রদান করিতেছে, বহু সহস্র রোগী আরোগ্য লাভ করিয়াছেন। আমি প্রত্যেক ভারতবাসীকে শেষ পরীক্ষা করিতে বিশেষ ভাবে অনুরোধ করি। জ্যোতির্বিদ পণ্ডিত, কে, সমাজপতি, বি, এ, কাব্যবিনোদ (Medical Astrologer). ৫নং গুরুপ্রসাদ চৌধুরী লেন, (ঝামাপুকুর) কলিকাতা।
N.B.—অর্ডারের সময় রোগীর জন্ম মাসের নাম পাঠাইবেন এবং অর্দ্ধেক মূল্য অন্ততঃ অগ্রিম না পাঠাইলে ঔষধ প্রস্তুত করিয়া পাঠান হয় না।

DIAMOND PRESS
হীরা-যন্ত্রে
সকল রকম
ছাপার কাজ
সুলভে
সত্বর ও
সুন্দররূপে
সম্পন্ন
হয়।
পরীক্ষা
প্রার্থনীয়।
মাধবীতলা, চুঁচুড়া।

চুঁচুড়া বার্ত্তাবহ।

১। চুঁচুড়া বার্ত্তাবহ প্রতি রবিবারে প্রকাশিত হয়।
২। অগ্রিম বার্ষিক মূল্য সর্ব্বত্র ২৲ দুই টাকা। প্রতি সংখ্যার নগদ মূল্য /১০ দুই পয়সা।
৩। বিজ্ঞাপনের সাধারণ হার—প্রতি বার প্রতি পংক্তি ।০ চারি আনা, প্রতি ইঞ্চি ১৲ এক টাকা।
৪। বিজ্ঞাপনের চুক্তির হার—এক বৎসর এক কলম ১০০৲ টাকা, আধ কলম ৬০৲ টাকা, সিকি কলম ৩৫৲ টাকা। ছয় মাস এক কলম ৬০৲ টাকা, আধ কলম ৩৫৲ টাকা, সিকি কলম ২৫৲ টাকা। তিন মাস এক কলম ৩৫৲ টাকা, আধ কলম ২৫৲ টাকা, সিকি কলম ১৫৲ টাকা।
৫। চুক্তি হারে এক ইঞ্চি বিজ্ঞাপন—এক বৎসর ১০৲ টাকা, ছয় মাস ৭৲ টাকা, তিন মাস ৫৲ টাকা।
৬। ইংরাজী হরফে বিজ্ঞাপন—উপরোক্ত হারের দেড় গুণ।

শ্রীধ্যানেন্দ্রনাথ মুখোপাধ্যায়, কার্য্যাধ্যক্ষ।
মাধবীতলা, চুঁচুড়া।

এই পত্র প্রতি রবিবারে শ্রীশম্ভুনাথ চট্টোপাধ্যায় কর্ত্তৃক চুঁচুড়া সেণ্ট্রাল রোডস্থ স্যাভোনিয়া প্রেসে মুদ্রিত এবং শ্রীনিতাই চাঁদ মুখোপাধ্যায় কর্ত্তৃক সম্পাদিত ও প্রকাশিত হয়।

বিজ্ঞাপন।

প্রাচীন পবিত্র তীর্থ।

হুগলী জেলার [illegible] অবস্থিত [illegible] গ্রামে ৺শ্রী শ্রী [illegible]শ্বরী কালীমাতার মন্দির। ইহা একটী অতি পুরাতন সিদ্ধপীঠ এবং বনযোগপীঠ নামে জনশ্রুতি আছে। এখানে পঞ্চমুণ্ডি আসন আছে। দেবতা [illegible]শ্বরী, মহাদেব [illegible]। ই, আই, আর, হুগলী [illegible] ষ্টেসনের অর্দ্ধ মাইল পূর্ব্বে মন্দির।

সেবাইত
শ্রী[illegible] চট্টোপাধ্যায়

বিজ্ঞাপন।

বৈজ্ঞানিক হোমিওপ্যাথি চিকিৎসা ভরসায়

ডাক্তার, শ্রীযুক্ত [illegible]চন্দ্র দাস

সাং হুগলী [illegible] বাজার—

১৮৯১ খৃষ্টাব্দ হইতে চিকিৎসা করিতেছেন। তাঁহার পুরাতন জ্বর, [illegible], উদরাময়, রক্তামাশয়, অজীর্ণ, বায়ুরোগ[illegible], [illegible], অর্শ, মাথাধোরা, উপদংশ, প্রমেহ, [illegible], [illegible], শির:পীড়া, পুরাতন বাত, [illegible], অম্ল ও পিত্তশূল, [illegible], [illegible] মূর্চ্ছা[illegible], [illegible], [illegible], মন ও মস্তিষ্ক বিকৃতি, মেরুতার [illegible], [illegible], [illegible], [illegible], [illegible], শিশুদের [illegible], পক্ষাঘাত প্রভৃতি রোগের বিশেষ অভিজ্ঞতা ও পারদর্শিতা আছে। [illegible] পরিচিত।

প্রকাশিত হইয়াছে!!

বঙ্গসাহিত্যে সুপরিচিত সুকবি
শ্রীযুক্ত নরেন্দ্রনাথ ভট্টাচার্য্য বি, এ, প্রণীত
নূতন কবিতা গ্রন্থ

কাকলি

বঙ্গদর্শন, প্রবাসী, ভারতবর্ষ প্রভৃতি পত্রে কবিতাগুলি প্রকাশিত হইয়াছিল।

ডবল ক্রাউন ১৬ পেজী আকারে ১৬০ পৃষ্ঠায় সম্পূর্ণ। ছাপা ও কাগজ উৎকৃষ্ট।

মূল্য—কাগজের মলাট ১, বাঁধাই ১।০ টাকা।

"চুঁচুড়া বার্ত্তাবহ" কার্য্যালয়ে প্রাপ্তব্য।

অভিনব আবিষ্কার

[illegible] বাতির বড়ী সকলেই দেখিয়াছেন এবং ব্যবহারও করিয়াছেন কিন্তু সূতার বাতির বড়ী কখনও দেখিয়াছেন কি? এখন বাজারে কোথাও দেখে কোন [illegible] তৈয়ার নয় আর দামে [illegible] [illegible]। শুধু একটী বড়ীতে দুই জোড়া সূতা [illegible] [illegible] হইয়া উঠিবে, চামড়াও নরম রাখিবে। পয়সায় দুইটী বড়ী। [illegible] আনা [illegible]। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীসুরেশচন্দ্র সরকার বি, এস,
বিখ্যাত বাতি প্রস্তুত কারক কামারপাড়া,
চুঁচুড়া।

বাড়ী ভাড়া।

চুঁচুড়া কামারপাড়া রোডে একখানি একতালা ছোট বাড়ী ভাড়া দেওয়া যাইবে।

শ্রীদীনেন্দ্রকুমার [illegible]
কামারপাড়া, চুঁচুড়া।

[illegible] হইতে [illegible] কল।

৬০ বৎসরের
আবিষ্কৃত

সালসার সম্রাট।

সাবধান! সাবধান! সাবধান!

আমাদের মায়াপুর রসায়নের অত্যধিক কাটতি দেখিয়া রসায়নের নামের পূর্ব্বে নানাপ্রকার শব্দ যোগ করিয়া হাজার হাজার নামধারী নকল রসায়ন বাহির হইয়াছে। প্রবঞ্চকেরা ব্লক এবং বিজ্ঞাপনের প্রত্যেক কথাটী নকল করিয়া এবং কোন কোন ব্যক্তি নামের সামান্য মাত্র প্রভেদ ও মূল্য মাত্রাদির সম্পূর্ণ মিল রাখিয়া সাধারণকে ধাঁধা লাগাইয়া প্রবঞ্চিত করিতেছে। **মায়াপুর রসায়ন** শুষ্ক শরীরে আনন্দের সমুদ্র, অসুস্থে মৃতসঞ্জীবনী সুধা, মেহ রোগে উদ্ধার, প্রমেহ রোগে ধন্বন্তরি, অম্ল, অর্শ ও হাঁপানি রোগে মূর্ত্তিমান যম! বাত রোগে অব্যর্থ অগ্নিবাণ, ধাতুক্ষীণতা প্রভৃতি যাবতীয় রোগে সাক্ষাৎ সুদর্শন চক্র!!

মায়াপুর রসায়নের অদ্ভুত শক্তিতে আমেরিকা [illegible] তাঁহারা বলেন সত্যই ইহা আশ্চর্য্য [illegible] হইয়াছে। বড় প্রতি শিশি ২, দুই টাকা মা: ।৵০ আনা একত্রে একমাস সেবনোপযোগী ৩ শিশি ৫, টাকা মাশুল ১৶০ ১২ শিশি (১ ডজন) ১৮, টাকা মা: স্বতন্ত্র।

[illegible] সহিত সর্ব্বত্র [illegible] [illegible] [illegible] বিনামূল্যে প্রেরিত হয়।

ম্যানেজার—আর, ব্যানার্জ্জি
প্রাপ্তিস্থান—
৪৬ নং [illegible] রোড, নারিকেলডাঙ্গা,
কলিকাতা।

প্রত্যক্ষ ফলপ্রদ ভাগ্যগণনা

জন্ম-মাসিক ও ২, টাকা পারিশ্রমিক পাঠাইলে ভাগ্যের শুভাশুভ ফল ও বিপদাদির প্রতিবিধান উপায় জানিতে পারিবেন। ৩, তিন টাকা [illegible] দিয়া ৬ [illegible] কবচ ধারণ করিলে [illegible] ও [illegible] হইবে।

শ্রীনীলমাধব জ্যোতির্ভূষণ
সাং [illegible] পোঃ [illegible]
জেলা হুগলী।

বাটী বিক্রয়।

চুঁচুড়া বড়ুয়া বাজারের সন্নিকট [illegible] রাস্তার উপর একটী দ্বিতল বাটী বিক্রয়ার্থ আছে। জমী আঃ ৴৩ কাঠা। নিচে উপরে [illegible] ঘর ও পায়খানা পাতকুয়া আছে। "বার্ত্তাবহ" কার্য্যালয়ে সন্ধান লউন।

বর্ষায় সাবধান হউন!

বর্ষাকালে পেট খারাপ হয়।

এ সময় অনেকেরই পাতলা দাস্ত [illegible], [illegible] কেন হয়—পেট ফাঁপায়, পেট [illegible] [illegible] করে, পেট কামড়ে, [illegible] আমাশয় ও রক্তামাশয় হয়।

এই বর্ষাকালে [illegible] [illegible] [illegible] হইতে [illegible] পেটের [illegible], [illegible] হইলে অজীর্ণরোগের [illegible] [illegible] "উদরাময় বটিকা" [illegible] [illegible], এক মাত্রায় হাতে হাতে ফল পাইবেন।

সামান্য পেট কামড়ানি হইতে [illegible] করিয়া ডাক্তার কবিরাজের পরিত্যক্ত কঠিন [illegible] পর্য্যন্ত এই "উদরাময় বটিকা" যেরূপ [illegible] [illegible] থাকে। অধিক বলিবার আবশ্যক নাই, এই বর্ষায় পেটের যাবতীয় পীড়ায় [illegible] একবার পরীক্ষা প্রার্থনীয়।

উদরাময় বটিকার মূল্যাদি—

	মূল্য	প্যাকিং	ডাঃ মাঃ
১নং কৌটা ২০ বটিকা	।০	৵০	।০
২নং কৌটা ৮০ বটিকা	১০	৵০	।০
৩নং কৌটা ৮০ বটিকা	১।০	৵০	।০

[illegible] বিনামূল্যে [illegible] পাইবেন।

বর্ষায় [illegible] ম্যালেরিয়া আরম্ভ হয়

[illegible] [illegible] বর্ষাকালেই [illegible] [illegible] [illegible] এই [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

উদরাময় বটিকা [illegible]

বিক্রয় বটিকার প্রাপ্তিস্থান—
বি, বসু এণ্ড কোম্পানী
৭৯ নং হারিসন রোড, —কলিকাতা

পূজাবকাশ

৺পূজা উপলক্ষে আগামী তিন সপ্তাহ "চুঁচুড়া বার্ত্তাবহ বন্ধ থাকিবে।

ওঁ

চুঁচুড়া বার্ত্তাবহ

রবিবার, ১২ই আশ্বিন সন ১৩৩১ সাল।

শারদোৎসবে—শারদা।

মানঃঅভিমানের মেঘ টুটিয়াছে, ফুলে ফলে শোভা ফুটিয়াছে, সাধের সাহানায় সুর উঠিয়াছে—"বঙ্গে আবার শরৎ আসিয়াছে।" এক বর্ষ ধরিয়া দীর্ঘ নিদ্রার পর—ঋতুরাজ্ঞীর এই সহসা জাগরণ! অধরে জ্যোৎস্নার হাসি, নভো নীলিমায়—মুক্ত চিকুর রাশি, কণ্ঠে তটপ্লাবিনী তরঙ্গিনীর কুলুকুলু কলভাষ, অঙ্গে নব-যৌবনের আত্মপ্রকাশ, চক্ষে—অপরাজিতার দলিতাঞ্জন, বক্ষে নিখিলের পুলকস্পন্দন;—অশ্রু অন্ধ নয়নের সম্মুখে—এই তো সেই চির কামনার অতুল সম্পদ। তারকার ঘৃত প্রদীপ জ্বালিয়া, শেফালীর লাজাঞ্জলি ঢালিয়া, কাশের ক্ষৌম বসনে পবিত্র হইয়া দেবীপূজার অর্ঘ্য লইয়া,—সত্যই আবার শরৎ আসিয়াছে। ঐ দেখ—রূপে রসে গন্ধে স্পর্শে—কল্পনা আজ শরীরিণী! ঐ শুন—জলে স্থলে উভয় কমলে রাঙা চরণে রাজ-হংসের নূপুর-ধ্বনি!

শরৎ আসিয়াছে শরতের শত সৌন্দর্য্য সফল করিবার জন্য—আনন্দময়ী মাও আসিতেছেন। আমা-দের মানবতার হিমগিরি শিখরে, পর্ব্বে পর্ব্বে সুসজ্জিত দেহের উপরে দশহাতের স্নেহধারা ঢালিতে—পর্ব্বত-সুতা পার্ব্বতী আসিয়াছেন! স্বর্ণ লঙ্কার স্মৃতি বুকে ধরিয়া—চিন্ময়ীরূপা [illegible] তোমার—মাতৃমূর্ত্তি প্রতিষ্ঠা করিয়া ধন্য হও।

এই মাতৃপূজা—এই শারদোৎসব—এই অনুগামিতা আরাধনা—শুধু বাঙ্গালায় ও বাঙ্গালীর। এসো বাঙ্গালী! আজ ভাই ভাই মিলিয়া মাতৃমন্ত্রের উদ্বোধন করি—জননি! জাগৃহি!

জাগো মা! কুলকুণ্ডলিনি! বাঙ্গালার সর্ব্বত্রে সর্ব্বথে—আমাদের কন্যারূপে মূলাধারে জাগিয়া উঠ। তড়াগ পল্বলে কুমুদ কহ্লার জাগিয়াছে, কানন কুঞ্জে অলি কুসুম জাগিয়াছে, শস্যপূর্ণা সধবার বেশে প্রান্তরে প্রকৃতি রাণী জাগিয়াছে,—মহামায়ার মোহ যবনিকা ছিন্ন করিয়া, তুমিও জাগো!

উঠ মা—সর্ব্বময়ি, সর্ব্বাণি, সর্ব্বেশ্বরি, জাগো মা—সর্ব্বার্থ সাধিকে, সর্ব্বাপদ বিনাশিনি, তুমি উঠিলে সব উঠিবে, তুমি জাগিলে সব জাগিবে। আমাদের এ দেবনিদ্রার দক্ষিণায়ন, তুমি জাগিলে আমাদেরও ঘুম ভাঙ্গিবে। তাই কন্যারূপে—বঙ্গে তোমার আহ্বান। এসো মা—উমা! জগজ্জননি! লোক পালিনি! সনাতনি! তুমি তোমার সোণার বাঙ্গালায় পিতৃগৃহে উদয় হও। তড়িৎবিকাশের মত এক একবার দেখা দিয়া—ঘোর নিশার আঁধারে লুকাইয়া, আর কত রঙ্গ করিবে? আসক্তির একাদশ শৃঙ্গে—সোহাগের গিরি-বালিকা! আর কত ছুটাছুটি করিয়া খেলিবে? আমা-দের হৃদয়ের চির হিমানী শীতলীকৃত কন্দরে আসিয়া—তিন দিনের জন্য ত্রিতাপহারিণী হইয়া দশ দিক আলো করিয়া ব'সো! শরতে শারদা রূপে—আমাদের প্রাণের ঘটে - স্নেহের মন্দাকিনী সলিলে—

"ইহা গচ্ছ, ইহ তিষ্ঠ, অত্রৈব সন্নিধিং কুরু"!

এসো মা—জ্যোৎস্না-মৌলিমালিনি, শতবিন্দু বিকাশিনি, তুষার-ধৌত-কপালিনি, শেফালীর মত নিঃশব্দে আমা-দের বুকের উপর তোমার স্নেহধারা ঢালিয়া দাও



আগমনী স্বাগতম।

আইল শরৎ ঋতু নবীন নীল ডকুলে,
শেফালী জবা গন্ধরাজ সজ্জা করি নানা ফুলে।
এস মা অম্বিকে উমা কোলে লয়ে গজাননে—
শিবদাতা মহেশে বৃষে লক্ষ্মী বাণী ষড়াননে—
সিংহ আরোহণ করি তারিণী এস ত্বরা করি—
তার মা বাসনা বিষে নাশি ষড় রিপুকুলে।
হৃদি [illegible] বস মা শ্যামা,
শ্রদ্ধা ভক্তি প্রেমাসক্তি নিবেদিব পদে গো মা,
পঞ্চ ভূত উপচারে পূজিব মানসাচারে,
আচারে [illegible] করি বিচারিয়া ল'ও কুলে।
যদি [illegible] এপার হৃদয়ে পাই—
[illegible] দূর করে চলে যাই
[illegible] ভক্তে দাও পদ হৃদে তুলে
[illegible]

—•—

আমাদের চিত্তে কলুষ,—চিত্তের ক্ষোভ, চিত্তের তমঃ দূর করিয়া দাও [illegible] "মা" বলিয়া আমরা তোমায় ডাকি।

কোথায় পাব মা! তোমার আসন? কোথায় বসাব তোমায়? আমাদের মর্ত্ত্যের মৃত্তিকা মলিন,—আমাদের বাতাস কলুষিত, আলোক নির্ব্বাপিত, সলিল জীবাণু দূষিত, ভোজ্য ভেজাল বিকৃত, অন্ন নাই, বস্ত্র নাই, গন্ধ নাই, স্নানীয় নাই, পানীয় নাই—কোথায় পাব তোমার জন্য ষোড়শোপচার? তাই ত মাতাপুত্রে কাছাকাছি হইয়াও তোমায় ধরিতে পারি না। মাতাপুত্রে কাছাকাছি হইয়াও তোমায় ধরিতে পারি না। তাই ত নিজেদের ক্ষুদ্রতায় ক্ষুব্ধ হইয়া তোমার কাছে—"দেহি দেহি" বলিয়া কেবল হাত পাতি। যাহা পাইলে আর কিছু চাহিবার থাকে না, তাহা ত পাই না। এতে কি মাতাপুত্রে ভাব হয়? কিন্তু তা বলিয়া তো শূন্যে শূন্যে বিদায় দিতে পারি না মা! আমরা তোমায় বুঝি না বুঝি, জানি না জানি, চিনি না চিনি—তুমি এসো! আমাদের অহঙ্কারের শতদলে, তোমার পাদপীঠ রচনা করিয়া, পশুশক্তি চরণে দলিয়া, দর্প দম্ভের মহিষাসুরে দলন করিয়া—এসো মা! এসো মহাশক্তি! মহেশ-মোহিনি! আমাদের সাহিত্যে স্বাস্থ্যে—কর্ম্মে, বন্দনায়, আমাদের মা হইয়া বিরাজ কর। তিন দিনে—তোমার ত্রিনয়নের কটাক্ষপাতে আমাদের দৈন্য গ্লানি ঘুচিয়া যাক, আমরা ত্রিতাপের হস্ত হইতে পরিত্রাণ পাই,—[illegible]—চিত্তের অনন্ত মহিমা প্রচার করিয়া, মনে প্রাণে ভাই ভাই এক হইয়া যাই!

—

শক্তি দাও যদি আস।

ক

এসনা গো এস না মা তুমি এ ধরায়।
থাকুক সন্তান কোটী তব প্রতীক্ষায়॥
সারাটী বরষ ধরি বহু আশা মনে করি,
যদিও রয়েছে সব আমার আশায়।
তথাপি মা হররমা এসনা হেথায়॥

খ

গাহিতেছে বঙ্গবাসী তব আগমনী।
আয় মা বলিয়া ডাকে তোমারে শর্ব্বাণী।
হাসিছে শরৎ শশী; বন ফুল রাশি রাশি,
সাজিয়া প্রকৃতি তোরে ডাকে ত্রিনয়নী।
কোথায় জননী মাগো নিত্যা সনাতনী॥

গ

কিন্তু আমি বলি মাগো এস নাক আর।
এলে তুমি নাচিবে না হৃদি সবাকার॥
রোগেতে হইয়া শেষ, শ্মশান হয়েছে দেশ,
স্বর্ণপ্রভ নাই বঙ্গ শুধু হাহাকার।
তাই বলি' এসে তুমি কি করিবে আর?

ঘ

প্রচণ্ড দুর্ভিক্ষে দেশ করিতেছে গ্রাস।
রোগ শোক প্লাবনেতে লোকে পায় ত্রাস॥
ডেঙ্গু, প্লেগ, মহামারি, "ইনফ্লুয়েঞ্জা" মানবারি
ম্যালেরিয়া, কলেরা, জ্বর, হৃৎকাশ।
সংহার মূর্ত্তিতে বঙ্গ করিতেছে নাশ॥

ঙ

হেথা তোরে কে পূজিবে করিবে বোধন?
ভক্ত কই? ভক্ত কই ভক্তের নিধন।
অন্ন, বস্ত্র হয়ে হারা, অভাব—পাগল তারা,
জীবন্মৃত থাকি সবে করিছে রোদন।
আসিলেও কে পূজিবে তোমার চরণ॥

চ

এস তবে আসিয়া মা করহ নিস্তার॥
ক্ষীণ প্রাণ আছে থাকি, তাই পদে দিব বলি,
সেই রক্তে শোক ধৌত এ ঘোর আঁধার।
দাও শক্তি দাও শক্তি জননী আমার॥

শ্রীশান্তিসুধা ঘোষ।

——

আগমনী।

হে গৌরী—দুরিতহরা সর্ব্বার্থসাধিকে,
তোমার আহ্বান-শঙ্খ আজি দিকে দিকে
সঘনে উঠেছে বাজি; ক্লেশশূন্য ধরা
বরষা-প্রবাহ পূত, নব পীতাম্বরা
হাসিছে অম্লান হাসি। আজি বনশ্রীর
বিহঙ্গ-কাকলী-নব-চরণমঞ্জীর
বাজিতেছে অহর্নিশ, ফুটে পদ্মদল
আতট-পূর্ণিত সরে, শুভ্র নিরমল
শেফালী, কুটজ, যূথী, পুষ্প রাশি রাশি
বিতরিছে মৃদু গন্ধ, উৎসবের বাঁশী
নিখিলে নিখিলে কিবা উঠিয়াছে বাজি
আলোড়িয়া মর্ত্তভূম।

এস তুমি আজি

মহিষমর্দ্দিনী-রূপ', অয়ি ভয়ঙ্করী
প্রহরণধৃতা চণ্ডী, সিংহ পৃষ্ঠোপরি
বিমর্দ্দিয়া দৃপ্তাসুর,—সঙ্গে লম্বোদর
ইন্দিরা ভারতী, করে শায়ক সুন্দর
শিখিপৃষ্ঠে ষড়ানন। হের একবার
শৌর্য্য বীর্য্য লোকাতীত জ্ঞান গরিমার
কি অপূর্ব্ব সম্মিলন, ব্যথা-দীর্ণ প্রাণ
উঠিছে আবার জাগি, মেলিয়া নয়ন
মা তব অভয়া মূর্ত্তি হেরিবার তরে
শত শত তনয় হিয়া কি আগ্রহ ভরে

দিবানিশি আসে ছুটি, সবে শুধু যায়
হেরিতে শ্রীপাদপদ্ম।

কিন্তু কোথা হায়
হৃদয়ের সে উচ্ছ্বাস, সে উদ্দাম প্রীতি
কোথায় সে অনাহত সুমধুর গীতি
মধু-ধ্বনি কুঞ্জ-বনে? আজি দিন দীন
অধম সন্তান তব ধূলিতে বিলীন
জর্জ্জরিত বেদনায়—যে জাতি ধরায়
নগ্নতা করিল দূর, অন্ন ভারে ভার
বিতরিল অন্নহীনে, জ্বালি জ্ঞান বাতি
আলোকিল অজ্ঞানের অন্ধকার রাতি,
তাহারাই নগ্ন এবে, নিরন্ন অজ্ঞান
পরমুখাপেক্ষী।

দেবি, কর অবসান
এ দীনতা এ হীনতা, কণ্ঠে দেহ ভাষা
পরাণে জাগায়ে তোল দুর্দ্দমনীয় আশা।
দেহ ঋদ্ধি, দেহ সিদ্ধি, শক্তি অতুলন,
হে শক্তিরূপিণি! তব অখ্যাত নন্দন
দেখাক্ তাহার দীপ্ত জ্ঞান বুদ্ধি বল
ছুটুক তাহার কীর্ত্তি—কর্পূর-ধবল
এ বিশ্বের গেহে গেহে, এস শম্ভুপ্রিয়া
লয়ে হস্তে বরাভয়, তোমারে পাইয়া
বৎসরের পরে বঙ্গ ভুলি ক্লেশ তার
অশ্রুনেতে সিক্ত আঁখি মুছিছে আবার।

চুঁচুড়া ২০।৯।২৪ শ্রীফণীন্দ্রনাথ ঘোষ।

——

আগমনী

বাঙ্গলার ঘরে মা আসিবে আজ
পড়ে' গেছে তাই ঘরে ঘরে সাজ
ওরে উৎসবময়ী আসিবে।
আশায় উন্মুখ হৃদিখানি লয়ে'
সারা বরষের আশা পথ চেয়ে
দুঃখহারা আশা পুরাবে।
আসি এ জগতে দিনত্রয় তরে
নরনারী সবে আনন্দিত ক'রে
মুখপানে চেয়ে হাসিবে।
কোথা মা মেনকা কোথা গিরিরাজ
আদরের উমা এসেছে যে আজ
বল, তারে কেবা বরিবে?
আছ কি এখনও ভারত মহিলা
মেনকার মত হ'য়ে স্নেহশীলা
স্নেহ দেখাতে গো মানবে!
চায় না'ক উমা অন্য কোনো ধন
হৃদিখানি রেখো মা স্নেহপ্রবণ
বিলাসের কোলে ঢেল'না।
ঐ আসে উমা সোনার বরণী,
আয় গো বঙ্গের নারী মাতৃরূপিণী
ব্যথা তারে ওগো দিওনা।
আসিলি জননী ত্রিতাপহারিণী
কত কথা তোর আছে অভাগিনী
কর মাগো তোর স্নেহদান!
নীরব ভাষায় জানাবি সবায়
মা আছি তোর, কি দুঃখ ধরায়
আছে রে মায়ের ও প্রাণ!
'তবে হায়' মা' জননী মায়ের মত
তাই ত' তোমাকে চাহিয়া এত
তুমি যে আনন্দময়ী!
বেদনা ব্যাকুল প্রাণেতে আজি
তোমার করুণা উঠেছে মা বাজি
শান্তিদায়িনী অয়ি!
নমস্তে ঈশানী ঈশান মোহিনী
নমস্তে দুর্গে ত্রিতাপ হারিণী।

শ্রীগুরুদাস রায়।

——

শক্তির প্রসাদ।

বেদনা বদ্ধ বদ্ধ বুকে মা
কি সাজে সেজেছ আজ;
রুদ্ধ যাতনা রুদ্ধ হয় যে
হেরে এ ভীষণ সাজ।
মঞ্চ উপরে বাহিত হয়ে
সিংহে করিয়া ভর—
গর্জ্জিছে ফণী চক্র চালিনী
খড়্গ পরশু কর।
রক্তিম আঁখি ভ্রুকুটী বক্র
রুষ্ট অসুর বুকে
তীক্ষ্ণ শূলেতে বিদ্ধ করেছ
অঙ্কে রেখেছ সুখে—
—ইষ্ট পদ মা বেষ্টিত শত
কিঙ্কিনী ঘেরা বাজে,
ত্রিভঙ্গে দাঁড়ায়ে— কেন এ ভঙ্গি?
চন্দ্র খচিত ভালে।
কুঞ্চিত জটা মুক্ত বাতাসে—
পৃষ্ঠে দোল দোলে;
স্বর্ণ কান্তি ঘন নিতম্বে
নেত্রে বিজলী খেলে।
শঙ্খ ঘণ্টা ভৈরব নাদে
সঙ্গে যোগিনী কোটী;
আসব-রক্ত লোহিত নেত্রে
দন্তে অধর কাটি—
নৃত্য করিছে থেই থেই দিয়া—
মুক্ত কৃপাণ করে,
ন্যাংটা বেশেতে রণ রঙ্গিনী
খড়্গো কৃধির [illegible]
বৃদ্ধ বৃষে মা বিষাণ বাজে—
ডম্বরু নাদে কাঁপি—
ডঙ্ক [illegible] বাজে [illegible],
ইন্দু ললাট [illegible]
অঙ্গ অস্থি কণ্ঠের মালা,
বহ্নি নয়ন আভা,
কণ্ঠ নীলিম, তীক্ষ্ণ ত্রিশূল—
দক্ষিণ ভুজ শোভা।
ব্যাঘ্র চর্ম্মে বেষ্টিত কটী,
ধবল গঙ্গা শিরে;
ব্যোম্ ব্যোম্ নাদে ভীম গর্জ্জনে—
ভৈরব আসে ধীরে।
নন্দীর সাথে ভৃঙ্গী নাচিছে—
সঙ্গে ভূতের থানা,
বিকট হাস্যে দন্ত বিকাশি,
অগ্রে দিতেছে হানা।
হংস উপরে বিবাদ মুক্ত,
শুভ্র হাসিছে কিবা,
অরুণ-বরণ গাত্র উপরি—
যজ্ঞ সূত্র শোভা।
হস্তে লেখনী বেদ বেদাঙ্গ,
বিজ্ঞান জ্ঞান দাতা;—
ইন্দুরে চড়ি বিঘ্ন বধে,
সঙ্গে আসিছে ভ্রাতা—
বৃক্ষিত শিখী পৃষ্ঠ উপরে,
কুঞ্চিত কেশ জাল,
করে কোদণ্ড বিশিখ দণ্ড,
কণ্ঠেতে ফুল মাল।
হংস উপরে নৃত্য কারিণী,
সঙ্গীতে পূরি' দেশ;
বীণা সাথে বিবিধ রঙ্গ,
রাগিণী সম বেশ।
কক্ষেতে কাঁপি পেচক পৃষ্ঠে—
রক্ষিত পদ দুটী;
চন্দ্র বদনা কে গো অঙ্গনা,
বন্দে দেবতা দুটী।
এ কেন সজ্জা নাহিক লজ্জা,
বঙ্গে শুধুই সাধ,
পূর্ণ মহিমা কিসা ভঙ্গিমা,
বৎসর নাহি বাদ।
কর মা তুষ্টি হয় না দৃষ্টি,
ক্ষেত্রে নাহিক ধান;
শুষ্ক সলিলা নদী পঙ্কিলা,
কোথাও তীব্র বান।
তোমার সঙ্গে রং বেরঙ্গে—
ভক্ত এসেছে কত,
নাহিক শক্তি দেখাতে ভক্তি,
অন্ন কোথায় এত।
শুন মা সাঁজ্জা ছাগের বাচ্ছা—
বর্জ্জিত হল দেশ,
ব্যাঘ্রে খেয়েছে "বার্ত্তাবহে" মা—
দিয়েছি বার্ত্তা শেষ।
নাহি মা দুগ্ধ করিতে মুগ্ধ,
"সিংহে" করেছে চাট—
হত গাভী কুল হল নির্ম্মূল,
—এ যে সন্ত্যের হাট।
শস্য [illegible] হয়েছে বন্ধ,
"ইন্দুরে" নে'ছে টেনে,—
ভুবের পিণ্ড দেখ প্রকাণ্ড—
বজ্র বুকেতে হেনে।
অন্নহীন পেটে হেন সঙ্কটে—
ভক্তি কেমনে পাবে;
[illegible]
বল হাতে পুত্র খাবে।
আদ্যাশক্তি! সদাই ভক্তি—
মুক্তির আশা করি;
নাসন দিয়ে রহে প্রসন্নে—
ষণ্ড-বৈরী হরি;—
সর্পের সনে খেলিতেছে শিখি,
ইন্দুর সনে অহি;
নাহিক হিংসা পেচক মুষিকে—
আমা খেতেছে বহি'।
শিখিনী সঙ্গে অহি ইন্দুরে—
ভুল ত্যাজ সমাবেশ,
"সিদ্ধি" আমায় সিদ্ধি রাঁধিতে—
দিয়াছেন উপদেশ।
ভক্তের পাতে দিয় হাতে হাতে,
—শক্তি প্রসাদী অন্ন
কে আর বুঝিবে— প্রসাদের গুণ,
—ভক্ত হৃদয় ভিন্ন।
এ হেন শক্তি থাকিতে মুক্তি
—বঞ্চিত তোর ছেলে,
অদ্ভুত কিবা শ্মশানে শঙ্কর!
পিতৃ ভাগ্য পেলে!
যাও মা কৈলাসে মনের উল্লাসে,
বঙ্গে এস না আর;
পার্ব্বণ করি দিব পাঠাইয়া,
—হৃদয় ভক্তি সার।

শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায়।
বলাগড়।

——

পূজার পঞ্চরং।

বহুরূপী।

দাদা ও ভাই।

"এগার" একদিন কাউন্সিলে দাঁড়িয়ে বলেছিলেন,—আমার দলেতে বিপ্লববাদীদের গন্ধ আছে।

"মেজার" ষ্টেটস্‌ম্যানের প্রতিনিধির কাছে বলেছেন—দেশ জুড়ে বিপ্লববাদী মাথা চাড়া দিচ্ছে।

আহা! কোথা ছিল এরা এতদিন? সরকার বাহাদুর এদের টিকটিকি পুলিশ করেনি কেন?

——

আর্ট ও কলা।

আজকাল সবেতেই আর্ট দেখান হচ্ছে! ভাবে আর্ট, ভাষায় আর্ট; ছবিতে আর্ট, ছাপাতে আর্ট; নভেলে আর্ট, কবিতায় আর্ট, যাত্রায় আর্ট, থিয়েটারে আর্ট, নাচে আর্ট, গানে আর্ট, চলনে আর্ট, বলনে আর্ট, চাঁদা তোলায় আর্ট, চাঁদা হজমে আর্ট; দেশ হিতৈষী হওয়ায় আর্ট, ত্যাগী ঋষি সাজায় আর্ট!

আর্ট মানে শুনিতে পাই—কলা। তবে কি আর্ট দেখান মানে—কদলী প্রদর্শন!

——

পাঁচু ঠাকুর

পাঁচু—(তামাক টানিতে টানিতে)
হাঃ—হাঃ—হা—
বলিহারি বাপধন, কেয়াবাৎ কেয়াবাৎ—

পাঁচী—(মার্জ্জনী হস্তে)
বলি অত হাস্‌চো কেন? কি হ'ল কি?

পাঁচু—কি হল?—হায় হায় এমন সেকেলে লোক নিয়ে ঘর করা আর চলে না,—আরে পাগলী 'what man has done man may do' একথা বোঝো কি?

পাঁচী—কি বল্লে—মনুমেন্টনী মনুমে দে?—দেখ ও সব হিন্দি ফারসী আমি জানিনি। তুমি দানা গড়িয়ে দেবে—এ স্বপ্নেও আমার বিশ্বাস হয় না।

পাঁচু—আরে দূর—গয়না আর গয়না—ওরে পাগলী ওর মানে যা নাগপুরে মাথা চাচায় করেচে তা কল্‌কেতায় গোঁপ চাঁচা কেন পারবে না?

পাঁচী—বুঝলুম না।—

পাঁচু—ওরে খেপী শোন্ তবে—আমাদের পায়ের বেড়ী যাচ্ছে, সি, আর, দাস স্বরাজ্যের রাজা হয়েছে, দোয়ারকি ভেঙ্গে দিয়েছে, তারকেশ্বরের মোহান্ত মেয়েদের উপর উৎপাত করত, তার উপর মেয়ের পাল লাগিয়ে তাকে চিৎপাত করেচে, আর তার বাড়ীতে আখ্‌ড়া বসিয়েছে, আর আবার সহর কল্‌কেতার মেয়ার হয়েছে। আর চাস্ কি?

পাঁচী—বুঝলুম,—শেয়াল রাজা হয়েছে, দোয়ারটি ভেঙেছে, তারকেশ্বরে মেয়েদের গানের আখ্‌ড়া করেচ, আর কল্‌কেতায় একটা ময়রার দোকান করেচে;—আচ্ছা হ্যাঁগা এ সব করে কি হ'ল? আর এত মানুষ থাকতে শেয়ালই বা রাজা হ'ল কেন?

পাঁচু—(দীর্ঘ নিশ্বাস ফেলে) হা আমার অদৃষ্ট—

পাঁচী—বলি রাগ্‌চ কেন? আমি মেয়ে মানুষ, তোমাদের সব কথা কি বুঝতে পারি?

পাঁচু—আমি বল্লুম সি, আর, দাস—তুমি তাকে শেয়াল কল্লে—তাতে রাগ ধরে না?

পাঁচী—সেটা কি বস্তু খুলে বল তবে ত আমি বুঝব?

পাঁচু—ওরে সেকেলে মাগী—সি, আর, দাস একজন কণজন্মা পুরুষ—মহাপুরুষ—অতি পুরুষ—তিনি বোধ হচ্ছে যেন কল্কি অবতার এসেছেন, তাঁকে দেখ্‌লে স্কুলের ছেলেদের বাপের নাম ভুল হয়ে যায়, অনেক উকীলের মাথা খারাপ হয়ে যায়, নব্য দল তাঁর পা চাটে, এবং তিনি ভবঘুরেদের ভবার্ণবের কর্ণধার, তিনি হাই তুল্লে সভাশুদ্ধ লোক তুড়ী দিয়ে জীব, হাঁচ্‌লে বলে—এ হেন পুরুষ কি শেয়াল? তবে পাঁচী, এঁর বুদ্ধিটি অনেকটা ঐ জাতীয় বটে (কেউ নেইত?)

পাঁচী—হাঁগা সে দেখ্‌তে কেমন?

পাঁচু—ঐ নাও এক কথা, ধান ভানতে শিবের গীত—দেখ্‌তে আবার কেমন, মানুষের মত দুই হাত দুই পা আছে, মাথা কামান, গোঁপ চাঁচা, শুধু পা, পরণে খদ্দর—আর কি বল্‌বো—চোখে আয়না।—

পাঁচী—তবে আমাদের রাজার বুঝি মা-টি গেছেন?

পাঁচু—দূর খেপী, এইত আজকালকার চাল্—রাস্তার ছোঁড়াদের দেখিস নি?

পাঁচী—উনি কি জাৎ?

পাঁচু—(ভাল সমস্যায় ফেল্লে)—আরে পাগলী উনি যে মহাপুরুষ—ওঁর আবার জাতি কি—জাৎটাৎ সব ওঁর গেছে—এখন উনি বৈষ্ণব।

পাঁচী—বুঝেচি—এই জন্যেই ওঁর তারকেশ্বরের সঙ্গে এত ভাব—হরিহর আত্মা কি না, আর দু পয়সা এতে—

(ঢোঁক গিলিয়া চুপ করিলেন)

——

কলিকাতা কর্পোরেশন সভা।

Alderman মেম্বর হারাধন পরামানিক—আমার বক্তব্য এই যে ভোট লইবার সময় যাহা বলা যায় তাহা যেন কাজে দেখান হয়।

Alderman কৃষ্ণধন মোদক—কেন কোন্ কথা বলা হয়েছে আর করা হচ্ছে না।

হারা—মশাই মনে আছে কি
বড় বাজারের কমিশনার ছকড়ি বাবু—

সাতকড়ি বাবু (বাধা দিয়া) নিস্ মোল্লা—১ কড়া কম!

হারা—আজ্ঞে আমি বলেইত হারাধন—১ কড়া যে হারায় তার আর কি?

তারপর [illegible] যখন ভোটের প্রার্থী হয়েছিলুম তখন তিনি বলেছিলেন যাতে হলে হয় তার ব্যবস্থার জন্য তিনি দায়ী ভোটটি আমায় দিন।

মেম্বর—Put the matter to the vote—ভোট নাও
ভোট লওয়া হইল
১৫০ স্বরাজ—ছেলে
১১ নারাজ—মেয়ে
৩ গভর্মেণ্ট মেম্বর—চুপচাপ
'হারাধনের ছেলে হবে'

(Carried)

বলিতে কি হারাধন খুসী হইয়া কৃষ্ণ কমিশনার মহাশয়ের দোকানে মিষ্টান্নের ফরমাস দিয়া ফেলিলেন। মনে মনে চিন্তা করিতে লাগিলেন আহা, স্বরাজ দলের মেজরিটি থাকায় কত ভাল কাজ হচ্ছে। (মিউনিসিপাল গেজেট)

——

নোটিশ।

এতদ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে সরস্বতী নদীর উপর ত্রিবেণী Suspension Bridge খারাপ হইয়া গিয়াছে। উহার উপর দিয়া কোন গাড়ী যাতায়াতে বিপদের আশঙ্কা আছে। সুতরাং পদাতিক মনুষ্য ব্যতীত অপরের পক্ষে উক্ত Bridge ব্যবহার করা নিষিদ্ধ।

By order of the Chairman
District Board Hooghly.
K. C. Nandi
District Engineer, Hooghly.

চুঁচুড়ায় হুলস্থূল।

সেদিন এখানকার গড়ের মাঠের মিটিং সভায় স্থির হয়ে গেছে—এবারকার কমিশনার বাবুদের ছুটী দেওয়া হবে, তাঁরা নাকি খেটে খেটে, দেশ কবের ধাবে বাকি রেখে চক্ষু হয়ে পড়েছেন, এখন নির্দ্দয়তায় না অন্য কোন গাছ তলায় তাঁদের হাওয়া পরিবর্ত্তনের নিমিত্ত যাওয়া কিছু দিনের জন্য আবশ্যক। এই মর্ম্মে এক পত্র চেয়ারম্যান বাহাদুরের নিকট পেশ হইয়াছে। চেয়ারম্যান বাহাদুর গালে হাত দিয়া অনেক চিন্তা করিয়া দেখিয়াছেন এখন ছুটী দেওয়া হতে পারেনা, কারণ কলে এখনও জল চল্‌চে, ওটা যাবৎ একদম বন্ধ না হয় ততক্ষণ কমিশনারদের নরোদ্যমে কাজ করান দরকার। সাহেব সুপারেণ্টেণ্ডেণ্ট নিয়োগ হতেই পারে না, কারণ সেটা সাহেব. Bengalisation করতেই হবে, তাতে কল চলুক আর নাই চলুক ভারত বন্ধু নেড়, বাবাজীর এই উপদেশ।

চেয়ারম্যান বাহাদুরের তাড়াতে কমিশনারদেরও মনের আবেগ ৭ গুণ বেড়ে গেছে, সেদিন ৪ জন মুসলমানকে বাকি খাজনার জন্য ধরে আনা হল, বেচারিরা কাঁপিতে কাঁপিতে আসিয়া কমিশনার হুজুরদের সম্মুখে দণ্ডায়মান হইয়া পরস্পর মুখ চাওয়া চাওয়ি করিতেছে—এমন সময় ভাইস্ চেয়ার মান জেরা করিলেন—বাপু, খাজনা কেন দেওয়া হয় নাই? (অন্যান্য কমিশনারগণ টেবিলের চতুষ্পার্শ্বে বসিয়া নোট লিখিতে লাগিলেন)

১ম আসামী—এজ্ঞে হুজুর কেমন করে টেক্স দিই বলেন, এই দেখেন্ আজ ৬ মাস হুজুররা আমার পাইখানা একেবারে ছোঁয়েন নাই, ঘরের পাশে পাইখানা গন্ধে প্যাটের ভাত উঠে পড়ে—

একজন কমিশনার—(বাধা দিয়া) ব্যা কি বল্‌ছিস্, ব্যাটার যত বড় মুখ তত বড় কথা—আমরা তোর পাইখানা ঘাঁটিব? পাজী।—

১ম আসামী—এজ্ঞে আমরাত উকিল নই, আমরা মুরুক্ষু মানুষ; তবে কর্ত্তা আমার ভাঙ্গা ঘটিখানা ফেরত দেন আমি টেক্স দিচ্চি

ভাঃ চেয়ারম্যান—ওর বাড়ীর পাশের জমীটা নিলামের হুকুম দিলাম।

১ম আসামী—এজ্ঞে ও জমীটা হুগলীর মিত্তির বাবুদের।

ভাঃ চেঃ—যারই হোক্ আমাদের টাকা চাই।

একজন কমিশনার—পরের জমী কেমন করে ওর দেনার দায়ে নিলাম হবে?

ভাঃ চেঃ—তা হয়, ওর গরুতো ওখানে কখন কখন চরে—হুকুম ফিরিবে না। কান টানিলেই মাথা আসিবে—তোমরা বোঝো না। বস্

(দ্বিতীয় আসামীর প্রতি)—তোমার টেক্স কেন দাও নাই?

দ্বিতীয় আসামী—আমার ছেড়া কম্‌লিটি আগে দেন তবে উত্তর দিচ্চি।

চেয়ারম্যান—কোথায় ওর কম্‌লি?

চাপরাশী—হুজুর এটায় কিছু নাই ছিঁড়ে খুঁদ্‌খুঁড়ি হয়ে গেছে—(নাকে হাত দিয়া উঃ কি গন্ধ বাপ্)

ভাঃ চেয়ারম্যান—উঃ ভয়ানক দুর্গন্ধ ফেলে দে, ফেলে দে।

দ্বিঃ আসামী—এজ্ঞে আমার বুড়া মাটার প্যাটের পীড়ে হয়েছিল কিনা, সেই কারণ ওটা গন্দাচ্চে—পাতলা মাল শুকিয়ে কিক্রি—

ভাঃ চেয়ারম্যান্—থাক্, এখন কথার জবাব দে—

২য় ৩য় আসামী—এজ্ঞে হুজুর, আমরা ৩ ভাই একই বাড়ীতে বাস করচি, কষ্টকষ্ট কি যে হয়েছে তা বলবার নয়, দেখেন হুজুর আজ তিনদিন জলশৌচ করবার জল পাই নাই—মোদের কথায় বিশ্বাস না হয় আমাদের লুঙ্গী তুলে তাঁকে দেখ্‌তে পারেন।

৩ জন কমিশনার—চুপ্, চুপ্—
তোর বড় আস্পর্দ্ধা দেখ্‌চি—আমরা ভদ্রলোকের ছেলে, কেউ উকীল, কেউ কুলীন ব্রাহ্মণ—তো ব্যাটাদের পাছার গন্ধ আমরা শুঁকতে যাব? বেয়াদবদের খুব সাজা হওয়া দরকার;—এই বলিয়া তিনি মনের আবেগে Lady Macbeth এর মত চেয়ারম্যানের হাতের কলম ছিনিয়া লইয়া কি একটা নোট ভাইস চেয়ারম্যানকে দিলেন। ভাইস চেয়ারম্যান নোট পড়িয়া চেয়ার ছাড়িয়া উঠিয়া চলিয়া গেলেন। সভা স্তম্ভিত। কমিশনার বাবু ঐ খালি চেয়ারে বসিয়া হুকুম দিলেন—

"লালদীঘির জলে চুবিয়ে এ তিনজনকে সাফ করা হউক; Waterworks Commissoner এর দোষে ইহা ঘটিয়াছে; তিনি এই কাজ দাঁড়িয়ে থেকে করাবেন; কম্বলটি বেশ করিয়া কাচিয়া শুখাইয়া নিলাম করা হউক;—যে টাকা উঠিবে তাহার অর্দ্ধেক ক্রোক Departmentএর খাতায় জমা হবে; ও অপর অর্দ্ধেক উকীলের ফি দেওয়া হবে।

৪র্থ আসামী—এজ্ঞে অনেকক্ষণ দাঁড়িয়ে আছি; একটা হুকুম হয়ে যাক্—আর আজ্ঞা হয় হুজুর খোদাবন্দ, আমার সেই ময়লার গামলাটা ফেরত দিতে;—ওটা সাড়ে ছয় আনার সেদিন পুরাণ দরে,সবে মাত্র কিনেছি—মুই বড় গরীব।

কমিশনার-ভাইস্ চেয়ারম্যান্—ওটা আর ফেরৎ পাবি না; ওটা তোর ওয়ার্ড কমিশনারের বাড়ীতে বসান হয়েছে। যাক্—এখন টেক্স দিবি কিনা বল্ দেখি?

৪র্থ আসামী—টেক্স কেমন করে দি,—
হুজুর সেদিন সাঁঝের বেলা দোকান বন্ধ করে সোজা বড় রাস্তা দিয়ে সাঁওতাল রোড হয়ে ঘর যাচ্ছিনু;—যেমনি ছ্যানাপটির মধ্যে এসেছি—ওখানটা এমনি আলো আঁধারে যে পয়লা ই ১টা কুকুরের ঘাড়ে পা; ওটাত এক কামড় দিল; মুই যেদিয়ে উঠনু; অমনি এক সাইকেল বাবুর সঙ্গে মাথা ঠোকাঠুকী হয়ে গেলে তাঁর বাঁ হাতের একটা চড় খেয়ে নর্দ্দমার পাঁকে পড়ে গেলাম;—মনটা বড়ই দুঃখু হল—পিতিজ্ঞে করলাম ঐ হালার ভাই হালাদের আর একটি পয়সাও টেক্স দোবোনা,তাতে আমার যাই হোক্—কানাগুলাকে কে কমিশনার করে বুঝিনা—এই সদর রাস্তাটাকে আঁধারে রেখে আপনাদের হালা ভগ্নিপোতদের আর ইয়ারদের গলি ঘুজিতে আলার থাম গাড়চে—ঐ দিন তাদের একটাকে পেতাম ত কুকুর টেঙ্‌রি তার গলায় বাঁধতাম; আর সাতপুকুরের পানি খেলাতাম।

চেয়ারম্যান—(কমিশনারদের প্রতি) আর নয়; আর নয় আর নয় ছেড়ে দাও—এ কাজে আর ভদ্রত্ব নাই। ওটাকে সাড়ে ছয় আনা দিয়ে বিদায় কর। (স্বগতঃ) 'নিশার স্বপন সম বারতা রে দূত; ফুলদল দিয়া, কাটিল কি বিধি; শাল্মলী তরু?'

সভা নির্ব্বাক্—নিস্তব্ধ!

——

এক চিত্রকর একখানা সাদা কাপড় ফ্রেম দিয়ে বাঁধিয়ে এক বাবুর কাছে এসে বল্লে "মশাই এইখানা আমার আজকালকার আঁকা খুব ভাল ছবি।

বাবু—কিছুতো বুঝতে পারছিনে, কি ছবি এটা?

চিত্রকর—ওটা যুধিষ্ঠিরের মহাপ্রস্থানের সিঁড়ি।

বাবু—এ কি রকম সিঁড়ি হে?

চি—আজ্ঞে সিঁড়ির একটা ধাপ।

বাবু—আর যুধিষ্ঠির?

চি—তিনি চলে গেছেন।

বাবু—ভীম, অর্জ্জুন এরা?

চি—আজ্ঞে, তাঁরা এখনও এসে পৌঁছান নি।

——

দেশভক্তের প্রাণের উচ্ছ্বাস।

আমি কি হনু দেখনা গো,—
আমি দিয়েছি ইয়ারকি ভেঙেছি দোয়ারকি
স্বরাজ গড়েছি গো;
আমি কি হনু দেখনা গো।
আমি তারকেশ্বরে ছোড় ছুরী ধরে
মোহান্ত পেড়েছি গো;
আমি কি হনু দেখনা গো।
আমার দাপটে—বিলাতের হাটে
আগুন ছুটেছে গো;—
আমি কি হনু দেখনা গো
হিন্দু মোসলমান করেছি এক—
(আমি) মূর্ত্তিমান যোগ্ হয়ে থাক;
দুই দলে আমি করছি পাক;
শান্তির স্রোত বয়েছে গো,
আমি কি হনু দেখনা গো।
গ্যারিবল্ডি নেপোলিয়ান
সেদিন ট্রোজ্ কি বীর হনুমান
দেখুক তারা হয়ে আগুয়ান
বৈকবের কি বীর্য্য গো
আমি কি হনু দেখনা গো।
আমার কুলনে, যত ছেলেপিলে
বাপ মা কাঁদিয়ে পড়া ছেড়ে দিলে
ইংরেজী পড়ে কত দুখ ভালে
হাড়ে হাড়ে আমি বুঝেছি গো।
আমি কি হনু দেখনা গো।
সংস্কৃত টোলে পড়িতাম যদি
বিদ্যার স্রোতে ভাসাতাম নদী
হতেম যথা অর্জ্জুন আদি
বৃটিশ বাহিনী উড়িত গো
আমি কি হনু দেখনা গো।
সকল বিদ্যার উপর বিদ্যা
গুরুমারা বিদ্যা শিখেছি গো।
গান্ধি অবমানে, আমি বিদ্যমানে
কতই না সুখ বেড়েছে গো।
আমি কি হনু দেখনা গো।
